অ৭

বঙ্গীয় শব্দকোষ

ক্রি.ক্তি [সং তে>প্রা এ>বা (য়ে>য়) অ; অপ্র]

১. বর্ত্তমান কালে প্রথম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "ডমরুলি বাজঅ (অর্থাৎ বাজয়ে) চ ৪৮; জাঅ, জুঝঅ, বুঝঅ ৫১। রাজা কঅঃ না লঅ তোমার মন কৃ.অ ১; সব নষ্ট হঅ ৫; লজ্জা হঅঃ মনে লঅ ৮; জাঅ প্রজাগণ ১৩; ধাঅ ১৮; চালাঅ সারথি ২০; দেখাঅ ২৭। পলাঅ কৃ.উ ১৮; দেঅ ৫৪। জেবা বাতি জলে হঅ শূ ১১৪; লোটাইয়া জাঅ ১১৫। তনু দেঅ চান বি.প ২২১। ২ [সং (লট্) থ>প্রা হ> বা অ] বর্ত্তমান কালে মধ্যম পুরুষের ক্রিয়ার সম্ভ্রমসূচক বিভক্তি। "হঅ গরুর রাখোআল, বোল আকাশ পাতা শ্রী.কী ১০৭। না বুঝ দশের বোল গো.বি ৮৯; আর কি পাইতে আস ১৬০। মম মঙ্গল বাঞ্ছ যদি বিদায় দেহি মোরে ম.পা ১২২। হিংসা কর কৃ ৫। [বোল–√বোল+অ; এইরূপ 'বুঝ' 'আস' প্রভৃতি] ৩ সং (লোট্) ত, (বৈদিক) থ>প্রা হ (তু 'পণমহ, সং প্রণমত।–বা উত্তরহ)> বা অ (সম্ভ্রমে)–হসত>হসহ>হাস (সম্ভ্রমে); সং হস (লোট্–হি)>প্রা হস>বা হাস (অ-লোপ, অসম্ভ্রমে)।] অনুজ্ঞায় মধ্যম পুরুষের ক্রিয়ার বিভক্তি (সম্ভ্রমে) "ভুঞ্জঅ কদলীদেশ মী ৫; জাঅ পলাইয়া ১৩; খাঅ ১৯। চাঅ গো.বি ৬৫; তত্ত্বে দেঅ মন ১৩৬। রাজ উপরে হঅ কৃ অ ৯; বেড়াঅ তুমি ১৩। লঅ ভার কাহ্ন শ্রী.কী ১৭৪। অপমান ত্যাগ (অর্থাৎ ত্যাগ কর) বাপু ম পা ১২২। (অসম্ভ্রমে) লোহা তাতাইয়া কামারগণ করে গণ্ডগোল। কেহ বলে 'তাতা' (√তাতা+অ–তপ্ত কর্) কেহ বলে 'তোল'।। ম.ম ১৬৮। ৪. [অ>অ, দ্র ওঁ] কর্ত্তৃবাচ্যে বর্ত্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়ার বিভক্তি। "বৈষ্ণব বন্দ (অর্থাৎ বন্দনা করি): ঋষি বন্দঃ দেব বন্দঃ তীর্থ বন্দ ইত্যাদি শি ৪.৫।